

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বিধি-১ শাখা।  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)


নং-০৫.০০.০০০০.১৭০.১১.০৪১.১৬- ৫২

তারিখঃ ২২ ফাল্গুন, ১৪২৩  
২৬ ফেব্রুয়ারি, ২০১৭

বিষয়ঃ মুক্তিযোদ্ধা কোটার যোগ্য প্রার্থী পাওয়া না গেলে অপূরণকৃত পদসমূহ জাতীয় মেধা তালিকার শীর্ষে অবস্থানকারী সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে সরকার কোটা সংরক্ষণ সংক্রান্তে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬/০২/২০১০খ্রিঃ তারিখের ০৫.১৭০.০২২.০৭.০১.০২০.২০১০-৫৯ নং স্মারকের নির্দেশনা এককালীন শিথিলপূর্বক নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেঃ

৩৫তম বিসিএস পরীক্ষায় কৃতকার্য কিন্তু ক্যাডার পদে সুপারিশপ্রাপ্ত নয় এমন প্রার্থীদের মধ্য হইতে নন-ক্যাডার প্রথম ও দ্বিতীয় শ্রেণির পদ পূরণ; স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর দ্বিতীয় শ্রেণির 'সার্কেল অ্যাডজুটেন্ট/উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা/সহকারী অ্যাডজুটেন্ট' পদে সরাসরি নিয়োগ; এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন সেবা পরিদপ্তরের 'মিডওয়াইফ'(দশম গ্রেড) পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬ ফেব্রুয়ারি, ২০১০ তারিখের মুক্তিযোদ্ধা কোটার পদ সংরক্ষণ সংক্রান্ত স্মারকের নির্দেশনা এককালীন শিথিলক্রমে মুক্তিযোদ্ধা কোটায় যোগ্য প্রার্থী পাওয়া না গেলে অপূরণকৃত পদসমূহ জাতীয় মেধা তালিকার শীর্ষে অবস্থানকারী সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা হইবে।

  
(ড. মো: মোজাম্মেল হক খান)  
সিনিয়র সচিব  
২৬/২/১৭

বিতরণঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব/ সচিব

- .....সকল মন্ত্রণালয়/ বিভাগ।
- ৪। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
  - ৫। মহা-হিসাব নিরীক্ষা ও নিয়ন্ত্রক, সিএন্ডএজি'র কার্যালয়, ৪৩ নং কাকরাইল সড়ক, ঢাকা।
  - ৬। অতিরিক্ত সচিব (এপিডি), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
  - ৭। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা {পরবর্তী গেজেটে প্রকাশের জন্য এবং গেজেটের ৩০০(তিনশত) কপি প্রেরণের অনুরোধ সহ}
  - ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।